

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৫২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তিকে সাধ্যমত হাই তোলাকে প্রতিহত করা অথবা সেসময় মুখে হাত রাখার নির্দেশ

ذَكَرُ الْأَمْرِ بِكُظْمِ التَّائُؤِبِ مَا اسْتَطَاعَ الْمَرْءُ أَوْ وَضَعَ الْيَدَ عَلَى الْفَمِ عِنْدَ ذَلِكَ

আরবী

2352 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ الرَّمَادِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ ابْنِ عَجْلَانَ عَنْ سَعِيدِ الْمَقْبُرِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ اللَّهَ يُحِبُّ الْعُطَّاسَ وَيَكْرَهُ التَّائُؤِبَ فَإِذَا تَتَاءَبَ أَحَدُكُمْ فَلْيَكْظَمْ مَا اسْتَطَاعَ أَوْ لِيَضَعَ يَدَهُ عَلَى فِيهِ فَإِنَّهُ إِذَا تَتَاءَبَ فَقَالَ: آهَ فَإِنَّمَا هُوَ الشَّيْطَانُ يَضْحَكُ مِنْ جَوْفِهِ)

الراوي : أبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2352 | خلاصة حكم المحدث: حسن صحيح - ((الإرواء)) - أيضاً :- خ دون ذكر الوضع.

বাংলা

২৩৫২. আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই আল্লাহ হাঁচি দেওয়াকে পছন্দ করেন আর হাই তোলাকে অপছন্দ করেন। কাজেই যখন তোমাদের কারো হাই আসবে, তখন সে যেন সাধ্যমত তা প্রতিহত করে অথবা তার হাতকে মুখের উপর রাখে। কেননা যখন তোমাদের কেউ হাই তুলে আর বলে ‘আ-হ’ বলে, তখন শয়তান তার পেট থেকে হাসে।”[1]

ফুটনোট

[1] তিরমিযী: ২৭৪৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৩২২; মুসনাদ আহমাদ: ২/২৬৫; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ২১৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৯২১; হাকিম: ৪/২৬৩; নাসাঈ: ২১৬; আত তায়ালিসী: ২৩১৫; সহীহ আল বুখারী: ৩২৮৯; আবু দাউদ: ৫০২৮; তিরমিযী: ২৭৪৭; সুনান বাইহাকী: ২/২৮৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91673>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন